গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং: ৩৩.০২.০০০০.১২০.০৭.০৪৫.১০-২৬৪ তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রি.

বিষয় : খাদ্য হিসেবে GSL BROWN FLAKE, ZMP FEED<70 MICRONS, ZMP-M1 <100 MICRONS, ও ZMP-M2 100-150 MICRONS ব্রান্ডের পণ্যসমূহ আমদানির অনাপত্তি পত্র প্রদান প্রসংগে

সূত্র -০১ : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১১৮.১৬.৪৪৫.১৬-৩৫০, তারিখ : ১৮/০৫/২০১৭ খ্রি.।

সূত্র -০২ : অলওয়েলস মার্কেটিং লি: এর ১৯/০১/২০২০খ্রি. তারিখের আবেদন মোতাবেক।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারের প্রচলিত আমদানির বিধি বিধান অনুসরণপূর্বক এসআরও নং-২১৪-আইন/২০১৭/৫২/কাস্টমস, তারিখ-০১/০৭/২০১৭ খ্রি. মোতাবেক নিম্নবর্ণিত ছকে GSL BROWN FLAKE, ZMP FEED<70 MICRONS, ZMP-M1 <100 MICRONS, ও ZMP-M2 100-150 MICRONS শর্তসাপেক্ষে আমদানির অনুমতি প্রদান করা হল।

আমদানিযোগ্য পণ্য

Sl. No.	Products Name	Proximate Composition of the Products	Name of the Ingredients	Proforma Invoice, date and HS Code	Country of Origin	Pack Size (Kg)	Amount (kg)
1	GSL BROWN FLAKE	Moisture-2.13%, Ash-4.69%, Fat-17.16 %, Protein- 48.76%, Fiber- 2.17%.	Marine animal protein, vegetable protein (including algae), yeast, fish oils, artemia, cholesterol, vitamins and minerals, pigments, and antioxidants.	Invoice no-F8973, Date-03/01/2020, HS Code-2309.90.90	USA	5 kg/pail 960 Pail)	4800
2	ZMP FEED<70 MICRONS	Moisture-4.69%, Ash-7.13%, Fat-16.53 %, Protein- 53.04%, Fiber- 2.60%.				6kg/cases (10 cases)	60
3	ZMP-M1 <100 MICRONS	Moisture-4.20%, Ash-7.11%, Fat-15.71 %, Protein-52.51%, Fiber- 2.15%.				6kg/cases (60 cases)	360
4	ZMP-M2 100-150 MICRONS	Moisture-4.74%, Ash-7.08%, Fat-15.10 %, Protein-52.35%, Fiber- 2.37%.				6kg/cases (40 cases)	240
						Total=	5,460 kg

শর্তাবলীঃ

১. সরকারের প্রচলিত আমদানির বিধি-বিধান মোতাবেক শুল্ক বিভাগ কর্তৃক আরোপিত শুল্ক পরিশোধের প্রমাণক মৎস্য অধিদপ্তরে অবশ্যই দাখিল করতে হবে ;
২. আমদানিকৃত পণ্য খালাসের পূর্বে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা/প্রতিনিধির উপস্থিতিতে নমুনা সংগ্রহ করে ক্ষতিকর রেসিডিও এর উপস্থিতি ও জীবাণুমুক্ততা এবং পুষ্টিমান সম্পর্কে সরকার কর্তৃক অনুমোদিত ল্যাবরেটরিতে পরীক্ষাপূর্বক প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করতে হবে। এ সংক্রান্ত সকল ব্যয়ভার সংশ্লিষ্ট আমদানিকারক/স্বত্বাধিকারী বহন করবেন ;
৩. আমদানিকৃত মৎস্য খাদ্য এন্টিবায়োটিক, Pesticide, Steroid, ট্যানারি, মেলামিন, Procine এবং Bovine উপজাত মুক্ত হতে হবে;
৪. আমদানিকৃত পণ্যটি মৎস্য অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে গুদামজাত করতে হবে;
৫. আমদানিকৃত পণ্যটি মৎস্যচাষে ব্যবহারের জন্য কোথায় কি পরিমান সরবরাহ করা হয়েছে তার প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মৎস্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;
৬. আমদানিকৃত পণ্য অবশ্যই মৎস্য উৎপাদনে ব্যবহার করতে হবে;
৭. আমদানিকৃত পণ্যের প্যাকেটের গায়ে পণ্যের নাম, উৎস প্রাণির নাম, পণ্যের উপাদানসমুহ (শতকরা হারসহ), কোম্পানী, উৎপাদনকারী দেশের নাম (Country of Origin) ও উৎপাদনের তারিখ স্পষ্টাকারে উল্লেখ থাকতে হবে ;
৮. আমদানিকৃত পণ্য Repacking (রিপ্যাকিং) করা যাবে না;
৯. আমদানির নিমিত্ত এ অনাপত্তি পত্র (NOC) ১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে;
১০. পণ্য আমদানি সংক্রান্ত কোন ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে ;
১১. কর্তৃপক্ষ প্রয়োজনে আমদানিকৃত পণ্যের যে কোন ধরনের পরীক্ষা করতে পারবেন ;
১২. ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোন তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করা হবে;
১৩. উপর্যুক্ত শর্তাবলী পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান অনুসরণ করা না হলে NOC বাতিল বলে গণ্য হবে।

মহাপরিচালকের পক্ষে
২৭/২/২০২০
(মো: সিরাজুর রহমান)
উপপরিচালক (মৎস্যচাষ) (অ.দা.)
ফোন-০২৯৫৬১৫৯২
ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

জনাব মো: মঞ্জুর মোর্শেদ খান
ব্যবস্থাপনা পরিচালক
অলওয়েলস্ মার্কেটিং লিঃ, ৬/বি, আতাতুর্ক টাওয়ার, ২২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩।

পত্র নং : ৩৩.০২.০০০০.১২০.০৭.০৪৫.১০-২৬৪/১(৫) তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। কমিশনার (কাস্টমস), কাস্টমস হাউজ, চট্টগ্রাম বন্দর, চট্টগ্রাম।
২। উপপ্রধান, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম (পণ্য খালাস ও নমুনা পরীক্ষার নিমিত্ত কাস্টমস এর চাহিদামত স্থলবন্দরে উপস্থিত থাকা, নমুনায়ন ও নমুনা পরীক্ষার প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন)।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার (পণ্য গুদামজাতকরণ এর পরিদর্শন প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ ও এ সংক্রান্ত আইন ও বিধিমালা অনুযায়ী যথাযথ ব্যবস্থা করার অনুরোধসহ)।
৫। দপ্তর নথি।

০২/০৩/২০২০
(মো: জুয়েল শেখ)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
ফোনঃ ০২-৯৫৬৭২২০
ই-মেইলঃ cfeo@fisheries.gov.bd